

পরিপত্র

হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে দালাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।


দেশের কোন কোন সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে দালালচক্রের অপতৎপরতা লক্ষ্যনীয়। অসাধু চক্রের এই অপতৎপরতা স্বাস্থ্য খাতে সুশাসন নিশ্চিতকরণে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। ফলে অসহায় দরিদ্র রোগী সরকারি স্বাস্থ্য সেবা গ্রহণে হয়রানির শিকার হওয়ার ঘটনাও ঘটছে। সরকার বিষয়টি গুরুত্বের সাথে গ্রহণ করছে এবং এ ধরনের দালালচক্রের বিরুদ্ধে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করছে।

২। হাসপাতাল ও সকল সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে অসাধু দালালচক্রের অপতৎপরতা প্রতিরোধে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলঃ

- ২.১: স্বাস্থ্য সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তি জনগণের অধিকার। সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সিটিজেন চার্টার দৃশ্যমানভাবে প্রদর্শন করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা, সরবরাহকৃত ঔষধ এবং রোগ নির্ণায়ক পরীক্ষাসহ সেবার মূল্য সংক্রান্ত তথ্যাদি রোগীর সুবিধার্থে সুবিধাজনক স্থানে প্রদর্শন করতে হবে।
- ২.২: স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে ডাক্তারসহ সকল কর্মকর্তা/কর্মচারিকে বাধ্যতামূলকভাবে নির্ধারিত ইউনিফর্ম পরিধান করতে হবে। প্রতিষ্ঠানগুলিকে ডাক্তারসহ সকল কর্মকর্তা/কর্মচারির পরিচয় পত্র প্রদান এবং দৃশ্যমানভাবে ব্যবহারের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ২.৩: হাসপাতালসহ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বহিবিভাগ ও জরুরি বিভাগে ওয়ার্ড বয়/বুয়াসহ ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের দায়িত্ব আকস্মিক ও নিয়মিতভাবে পুনঃবন্টন করতে হবে। একই দায়িত্বে দীর্ঘকাল কোন কর্মচারি কর্মরত থেকে যেন কোন অসাধু চক্রের অংশে পরিণত না হয় তা নিশ্চিত করতে হবে। দালালচক্রের সাথে কর্মকর্তা ও কর্মচারীদের আঁতাত বা যোগসাজশের তথ্যাদি প্রমাণিত হলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২.৪: তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণকে দৃশ্যমানভাবে তার প্রতিষ্ঠানে নিয়মিত মনিটর ও কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে দালাল প্রতিরোধে নিজস্ব কর্মপন্থা/কৌশল প্রণয়ন করবেন। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২.৫: রোগীদেরকে হাসপাতালের নির্ধারিত কর্মকর্তা/কর্মচারি ব্যক্তি বহিরাগত ব্যক্তি/দালালের সাথে যোগাযোগ কঠোরভাবে নিয়ন্ত্রণ করার জন্য সব সময় পরামর্শ সেবা প্রদান করতে হবে। প্রয়োজনে মাঝে মধ্যে এ বিষয়ে মাইকিং করা যেতে পারে।
- ২.৬: রোগী ও সেবা প্রত্যাশী নাগরিকের সাথে বহিরাগত ব্যক্তির যোগাযোগকে বারিত করে লিখিত নির্দেশনা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে অনেকগুলি জায়গায় স্থাপন করতে হবে। এছাড়া জনগণের মনোযোগ আকর্ষণের জন্য সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বিনা রশিদে কোন অর্থের লেনদেন করা যাবে না মর্মে নির্দেশনাও বিভিন্ন জায়গায় প্রদর্শন করতে হবে। সেবা গ্রহণে অভিযোগের ক্ষেত্রে SMS করার বিষয়ে স্পষ্ট নির্দেশনা প্রতিষ্ঠানের বিভিন্ন জায়গায় দৃশ্যমানভাবে প্রদর্শন করতে হবে।
- ২.৭: হাসপাতালসহ জেলা ও উপজেলা পর্যায়ে ব্যবস্থাপনা কমিটির সভায় দালাল প্রতিরোধে নাগরিকদের উল্লেখকরণসহ সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে।

৩। হাসপাতাল, জেলা ও উপজেলা পর্যায়ে তত্ত্বাবধায়ক/ব্যবস্থাপক কর্মকর্তাগণ তাঁদের আওতাধীন স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে বহিরাগত/দালাল প্রতিরোধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব পালন করবেন। বহিরাগত/দালাল চক্রের তৎপরতা পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান দায়বদ্ধ থাকবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ পরিপত্র জারি করা হল এবং অবিলম্বে এটি কার্যকর হবে।


(ফাতেমা রহিম ভীনা)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd

কার্যার্থে: জৈষ্ঠতার ক্রমানুসারে নয়:

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা (সকল)----- বিভাগ।
- ০৫। পরিচালক, (সকল) মেডিকেল কলেজ ও হাসপাতাল।
- ০৬। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। পরিচালক, জাতীয় ইনস্টিটিউট ও হাসপাতাল (সকল)।
- ০৮। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)----- জেলা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
- ১২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।